

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ২২ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৩৭৪

বিষয়: বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য সড়ক ও নৌপথে মোট ৬৭৪০ মে.টন গমের চলাচল সূচি (সূচি নং-০৯)

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা ২০-০৮-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.০০০.৫০.০০২.২২.১৭১১ নং স্মারক

২। খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ২৫-১০-২০২৩ খ্রি. এর ১৩.০০.০০০০.০৪৬.৫৫.০০১.২৩.২৫৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, গাজীপুর, ফরিদপুর জেলার এলএসডি/সিএসডিসমূহে বিভিন্ন খাতে বিলি-বিতরণ ও আপতকালীন মজুত গড়ে তোলার নিমিত্তে সূত্রস্থ স্মারকে গমের চাহিদা প্রেরণ করা হয়েছে। এমতাবস্থায়, ঢাকা বিভাগের স্থাপনাসমূহে বিভিন্ন খাতে বিলি-বিতরণ ও মজুত গড়ার জন্য সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক ও নৌপথে মোট ৬৭৪০ (ছয় হাজার সাতশত চল্লিশ) মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে জারি করা হলো। উল্লেখ্য, সূত্রস্থ ২ নং স্মারকের নির্দেশনামতে নারায়ণগঞ্জ সাইলো হতে নারায়ণগঞ্জ সিএসডিতে শূন্য পরিবহন ঘাটতির শর্তে নারায়ণগঞ্জ জেলার অভ্যন্তরীণ নৌ-পরিবহন ঠিকাদার (আইবিসিসি-নারায়ণগঞ্জ) সূচির গম পরিবহন করবেন।

(ক) সড়ক পথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সাইলো	নারায়ণগঞ্জ	মুড়াপাড়া এলএসডি	২১০	বস্তাবন্দি গম	সড়ক পথ	জেখানি, নারায়ণগঞ্জ উপসূচি জারি করবেন
২.	এ	এ	এ	সোনারগাঁও এলএসডি	৩০০	এ	এ	আখানি, ঢাকা উপসূচি জারি করবেন
৩.	এ	এ	ঢাকা	সাভার এলএসডি	৮০০	এ	এ	
৪.	এ	এ	এ	কোনাখোলা এলএসডি	৪০০	এ	এ	
৫.	এ	এ	এ	কলাকোপা এলএসডি	১০০	এ	এ	
৬.	এ	এ	এ	কলতাবাজার এলএসডি	৩৩০	এ	এ	
৭.	এ	এ	এ	খামরাই এলএসডি	৩০০	এ	এ	
৮.	এ	এ	গাজীপুর	জয়দেবপুর এলএসডি	১০০০	এ	এ	
৯.	এ	এ	এ	কালিয়াকৈর এলএসডি	২০০	এ	এ	
১০.	এ	এ	এ	শ্রীপুর এলএসডি	৫০০	এ	এ	
১১.	এ	এ	এ	কাপাসিয়া এলএসডি	১০০	এ	এ	
১২.	এ	এ	মুন্সিগঞ্জ	মীরকাদিম এলএসডি	২০০	এ	এ	
১৩.	এ	এ	এ	কাটাখালি এলএসডি	২৫০	এ	এ	
১৪.	খুলনা	খুলনা সিএসডি	ফরিদপুর	নগরকান্দা এলএসডি	৫০	এ	এ	চসনি, খুলনা ব্যয় কম বিবেচনায় ঘাটে অবস্থানকৃত বার্ড/খুলনা সিএসডি হতে উপসূচি জারি করবেন
মোট =					৪৭৪০			

(খ) নৌপথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
---------	-------------	----------------	-------------	----------------	----------------	------	-----	---------

১.	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সাইলো	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সিএসডি	২০০০	বস্তাবন্দি গম	নৌপথ	জেখানি, নারায়ণগঞ্জ উপসূচি জারি করবেন
				মোট =	২০০০			
				সর্বমোট =	৬৭৪০			

### নির্দেশনাসমূহ:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো ও ব্যবস্থাপক, খুলনা সিএসডি প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাত্ক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতীস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ৩১-০৮-২০২৪ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২২-০৮-২০২৪

মোঃ এহসানুল হক  
সহকারী খাদ্য নিয়ন্ত্রক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা;
- ২। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ;
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ এবং
- ৪। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৩৭৪/১ (৭)

তারিখ: ৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ  
২২ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ২। পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক .....
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৬। ব্যবস্থাপক, ..... সিএসডি এবং
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..... এলএসডি।





২২-০৮-২০২৪

মোঃ এহসানুল হক  
সহকারী খাদ্য নিয়ন্ত্রক